# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ডিমা হাসাও জেলার উমরাংশু কয়লাখনি থেকে আজ আরো ৩ জন শ্রমিকের মৃতদেহ উদ্ধার ।

২) প্রদেশীকিকরণের আওতা থেকে বাদ পরা ২০০৬ সালের পূর্বে স্থাপন হওয়া বিদ্যালয়সমূহের প্রাদেশীকিকরণের জন্য রাজ্য সন্ত্রীসভার সিদ্ধান্ত ।

৩) মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার পর রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার ইংগিত ।

এবং

৪) শ্রীভূমি পুলিশের সঙ্গে সংঘর্ষে আজ পাথারকান্দির আদমটিলায় ত্রিপুরার এক সন্দেহভাজন দুষ্কৃতি গুলিবিদ্ধ ।

------------------------------------------------------------------------------------------

ডিমাহাসাও জেলার উমরাংশু-র তিন কিল কয়লাখনি থেকে আজ আরো ৩টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে । আকাশবাণীর হাফলং সংবাদদাতা মনসুন সিং জানিয়েছেন যে আজ সকালে উদ্ধার হওয়া মৃতদেহটি উমরাংশুর পার্শবর্তী কালামাটি গ্রামের লাইজান মগর নামের একজন ২৬ বছরের যুবক বলে শনাক্ত করা হয়েছে । অভিযানকারী দলটি পরবর্তী সময়ে খুশি মোহন রায় এবং শরৎ গয়ারী নামের আরো দুজন শ্রমিকের

মৃতদেহ উদ্ধার করে । এই নিয়ে এ পর্যন্ত অভিশপ্ত ওই কয়লাখনি থেকে মোট ৪টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে । নৌ-সেনা , এন-ডি-আর-এফ , এস-ডি-আর-এফ , ও-এন-জি-সি এবং জেলা প্রশাসন আজ ষষ্ঠ দিনও উদ্ধার অভিযান অব্যাহত রাখলেও এখনও আরো ৫ জন শ্রমিককে উদ্ধার করা সম্ভব হয় নি । লোকসভার বিরোধী দলের উপ-দলনেতা তথা কংগ্রেস সাংসদ গৌরব গগৈ এই শোকাবহ ঘটনার তদন্ত একটি বিশেষ অনুসন্ধানকারী দলকে দিয়ে করানোর দাবী জানীয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে একটি পত্র প্রেরণ করেছেন । তিনি অনুসন্ধানকারী দলের মাধ্যমে অবৈধ কয়লা খননের এই ঘটনার বিস্তারিত তদন্ত সহ এই ঘটনার সঙ্গে যুক্ত মূল কারণগুলি উদঘাটন করারও দাবী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে ডিমাহাসাও কংগ্রেস কমিটি আজ এই ঘটনার প্রতিবাদে উমরাংশুতে একটি প্রতিবাদী কার্যসূচি গ্রহণ করে । শিবসাগরেও আজ অনুরূপ প্রতিবাদী কার্যসূচি পালন করা হয় । এই প্রতিবাদী কার্যসূচির মাধ্যমে উমরাংশুতে নিহত শ্রমিকের পরিবারবর্গকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করা ছাড়াও কার্বি-আংলং , তিনসুকীয়া ইত্যাদি বিভিন্ন স্থানে অব্যাহত অবৈধ কয়লা খনন কার্য বন্ধ করার দাবী জানানো হয় ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রামলালার অভিষেকের প্রথম বর্ষপূর্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে এই মন্দির শতবর্ষের ত্যাগ , তপস্যা এবং সংগ্রামের পর নির্মাণ করা হয়েছে । এই মন্দির আমাদের মহান সাংস্কৃতিক ঐতিহ্য এবং আধ্যাত্মিকতার এক নিদর্শন বলেও তিনি অভিহিত করেছেন । এই মন্দির উন্নত ভারত গড়ার সংকল্প সাধন যাত্রার ক্ষেত্রে অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে বলেও তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে উদ্ভুত অচলাবস্থা এখনও অব্যাহত রয়েছে । এই বিষয়ে গৌহাটি হাইকোর্টে দায়ের হওয়া বিভিন্ন মামলাকে নিয়ে বেশকয়েকদিন ধরে শুনানি গ্রহণ করার পর গতকাল আদালত এই বিষয়ের রায়দান করবে বলে আশা করা হয়েছিল । তবে আদালত গতকাল এই রায়দান থেকে বিরত থাকায় অচলাবস্থার অবসান ঘটানো সম্ভব হলো না।

হাইকোর্ট থেকে নির্দেশ না পাওয়ার পরিপ্রেক্ষিতে বহু চর্চিত এই পঞ্চায়েত নির্বাচন রাজ্যে অনুষ্ঠেয় মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার পরবর্তী পর্যায়ে আয়োজন করা হতে পারে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ইঙ্গিত দিয়েছেন । তিনি বলেন যে-

নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করার পর নির্বাচন আয়োজন করতে একমাস সময়ের প্রয়োজন হয় । এদিকে আগামী ১৪ই ফেব্রুয়ারি থেকে পরীক্ষাগুলি আরম্ভ হবে । এই পরিস্থিতিতে বিজ্ঞপ্তি জারির থেকে নির্বাচন আয়োজন করা পর্যন্ত প্রয়োজনীয় সময়ের অভাবের ফলে কারিগরি কারণে নির্বাচন পিছিয়ে দিতে হবে বলে তিনি মত প্রকাশ করেন । বিষয়টিকে নিয়ে বিরোধী কংগ্রেস দলকে সমালোচনা করে ডঃ শর্মা বলেন যে- হাইকোর্টের রায় সরকারি পক্ষের অনুকূলে না গেলে রাজ্য সরকার এই সম্পর্কে পুনরায় সুপ্রীম কোর্টে আবেদন জানাবে ।

উল্লেখ্য- পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে আদালতে রুজু হওয়া একাধিক মামলার ভিত্তিতে এই ইর্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করার ক্ষেত্রে গৌহাটি হাইকোর্ট গত ১৭ই ডিসেম্বর স্থগিতাদেশ জারি করেছিল । পরবর্তী সময়ে এই মামলাগুলি নিয়ে শুনানি গ্রহণ করা হলেও মামলাকারী এবং সরকারি উভয় পক্ষের যুক্তি প্রদর্শনের পর এপর্যন্ত বিষয়টির কোনো সমাধান বের করা সম্ভব হয়নি ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে গতকাল রাজ্যবাসীর কল্যাণের লক্ষ্যে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সেই অনুসারে প্রাদেশীকরণের আওতার বাইরে বাদ পড়ে যাওয়া ২০০৬ সালের পূর্বে স্থাপন হওয়া বিদ্যালয়গুলির প্রাদেশীকরণের জন্য রাজ্য মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেছে । এই সম্পর্কে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর নেতৃত্বে মন্ত্রী কেশব মহন্ত এবং জয়ন্তমল্ল বড়ুয়াকে নিয়ে একটি উপ-সমিতি গঠন করা হয়েছে । এই উপ-সমিতি একমাসের মধ্যে প্রাদেশীকরণ সম্পর্কে মন্ত্রীসভায় প্রতিবেদন দাখিল করবে । অঙ্গনওয়াড়ি কর্মী, সহায়িকা, আশা কর্মী এবং মধ্যাহ্ন ভোজনের কর্মীদের বেতন বৃদ্ধির বিষয়টি পর্যালোচনা করার জন্য রাজ্যের অর্থ মন্ত্রী অজন্তা নেওগের নেতৃত্বে অন্য একটি উপ-সমিতি গঠন করা হয়েছে । একইসঙ্গে মন্ত্রীসভা কাছাড় ও ধেমাজি জেলায় দুটি দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করতে দুগ্ধ উন্নয়ন বিভাগকে নির্দেশ দিয়েছে । এছাড়া দুগ্ধ উৎপাদকদের আয় বৃদ্ধিতে উৎসাহ যোগাতে দুগ্ধ সমবায় সমিতির মাধ্যমে উৎপাদিত সামগ্রী বিক্রী করা দুগ্ধ উৎপাদকদের প্রত্যক্ষ লাভ হস্তান্তর করে লিটার প্রতি পাঁচ টাকা ভর্তুকি প্রদানের প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে । স্থানীয় লোকেদের ভূমির অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে আরম্ভ করা মিশন বসুন্ধরার অধীনে জমির পাট্টার জন্যে ধর্মীয় এবং সরকারী প্রতিষ্ঠান সমূহের আবেদনের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

ভারত-বাংলাদেশ সীমান্তের আদমটিলায় শ্রীভূমি ও পাথারকান্দি পুলিশের যৌথ অভিযান চলাকালীন দুষ্কৃতীর সঙ্গে সংঘর্ষে আজ ত্রিপুরার এক যুবক গুলিবিদ্ধ হয়েছে । আমাদের আকাশবাণীর সংবাদাতা জানিয়েছেন যে- এর আগে গোপন সূত্রের খবরের ভিত্তিতে শ্রীভূমি রেল স্টেশনের পাশ থেকে উত্তর ত্রিপুরা জেলার যুবরাজ নগরের ঐ যুবককে আটক করেছিল শ্রীভূমি সদর পুলিশ। ঐ যুবকটির মোবাইল ফোনে বাংলাদেশের সঙ্গে তার যোগাযোগ থাকার হদিস পাওয়া গেছে । ধৃতকে নিয়ে পুলিশ আজ ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ফুলবাড়ি অঞ্চলের একটি বিশেষ স্থানে তদন্তের জন্যে নিয়ে গেলে যুবকটি পুলিশের অস্ত্র ছিনতাই করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে । যুবকটি পুলিশ কর্মীদের উপর হামলাও চালায় । এই পরিস্থিতিতে পুলিশ ঐ যুবকটির পা লক্ষ্য করে গুলি ছোঁড়ে । বর্তমানে যুবকটি চিকিৎসারত রয়েছে । তবে সে মানব পাচারের সঙ্গে জড়িত রয়েছে বলে পুলিশ সন্দেহ করছে।

---------------------------------------------------------------------------------------

অধিক নিষ্ঠা ও দায়বদ্ধতার সঙ্গে রাজ্যবাসীর সেবায় আত্মনিয়োগ করতে আসামের কর্মচারী সমাজকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন । আজ দিসপুরের জনতা ভবন প্রাঙ্গণের লোকসেবা ভবনের সভাকক্ষে সারা আসাম কর্মচারী পরিষদের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে মূখ্যমন্ত্রী এই আহ্বান জানান । বৈঠকে কর্মচারী পরিষদের বিভিন্ন দাবী সহ কর্মচারীদের কল্যাণ সম্পর্কীত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । রাজ্য সরকার কর্মচারীদের কল্যাণের লক্ষ্যে নিরন্তর প্রয়াস অব্যাহত রেখেছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী ড.শর্মা সারা আসাম কর্মচারী পরিষদের নবনির্বাচিত সমিতি যেসব বিষয় আলোচনাকালে তুলে ধরেছে রাজ্যসরকার তা বিবেচনা করে যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে জানান । সভায় মূখ্য সচিব ড.রবি কোটা ,মূখ্যমন্ত্রীর প্রধান সচিব ড.কে কে দ্বিবেদী ছাড়াও আসাম সরকারের উচ্চপদস্থ আধিকারিক সহ আসাসম কর্মচারী পরিষদের সভাপতি দ্বীপেন শর্মা ও সম্পাদক পঙ্কজ বর্মণ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

চলতি বছরে হজ যাত্রার জন্য আসাম সহ বিভিন্ন রাজ্যের মোট ৩ হাজার ৬শো ৬৬ জন আবেদনকারীকে অস্থায়ী ভিত্তিতে অনুমতি প্রদান করা হয়েছে । কেন্দ্রীয় হজ কমিটি এবারের হজের জন্য দ্বিতীয় ওয়েটিং লিষ্ট আজ প্রকাশ করেছে । সংখ্যালঘু পরিক্রমা মন্ত্রনালয়ের প্রকাশ করা তথ্য অনুসারে অনুমাতিপ্রাপ্ত হজযাত্রীদের আগামী ২৩ জানুয়ারীর পূর্বে ২ লক্ষ ৭২ হাজার ৩শো টাকা জমা দেওয়া সহ এ সম্পর্কে

প্রয়োজনীয় নথি পত্র ইত্যাদিও দাখিল করতে হবে । কেন্দ্রীয় হজ কমিটি এবার মোট ১ লক্ষ ২২ হাজার হজ যাত্রীকে সহায়তা প্রদান করবে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা তথা উত্তর পূর্বাঞ্চলের বিশিষ্ট লেখক, গবেষক, সাংবাদিক, আইনজীবি এবং বরাক উপত্যকার ভাষা আন্দোলনের অগ্রণী ব্যক্তিত্ব ইমাদ উদ্দিন বুলবুলের জানাজার নামাজ আজ প্রথমে দুপুরে শিলচরের রংপুরে এবং পরে বিকেলে কাটিগড়ায় তাঁর জন্মস্থানে সম্পন্ন হয়েছে । দুপুরে রংপুরে অনুষ্ঠিত জানাজার নামাজে অসংখ্য লোক জমায়েত হন । এরপর তাঁর মরদেহ বঙ্গ ভবনে নিয়ে আসা হয় । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কেন্দ্রীয় সমিতির সহ-সভাপতি প্রয়াত বুলবুলকে শেষ শ্রদ্ধা জানাতে আজ দুপুরে বঙ্গ ভবনে তাঁর মরদেহ নিয়ে আসা হয় । এবং সেখানে বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন সহ বরাক এডুকেশন সোসাইটি, অসম মজুরি শ্রমিক ইউনিয়ন, হিউম্যানিটি ফাউন্ডেশন, ফোরাম ফর সোশ্যাল হারমনির মতো বিভিন্ন সংগঠন ও বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন । এই স্মরণ সভায় সবাই একযোগে প্রয়াত বুলবুলের অসাম্প্রদায়িক মনোবৃত্তির কথা স্মরণ করে তাঁর জীবনাদর্শ অনুসরণ করে এগিয়ে যাওয়ার পক্ষে মত প্রকাশ করেন। এরপর সেখান থেকে মরদেহ কাটিগড়ার উদ্দেশ্যে নিয়ে যাওয়া হয় । কাটিগড়া ডেভেলপমেন্ট কমিটির পক্ষ থেকে নবেন্দু শেখর নাথ তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন । এছাড়াও বিভিন্ন দল-সংগঠনের পক্ষ থেকে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালের সুপার ডাক্তার অভিজিত শর্মা জানিয়েছেন যে এইচ-এম-পি ভাইরাস নিয়ে আতঙ্কিত হওয়ার কোন কারণ নেই । ভারতে এই ভাইরাসের উপস্থিতি ২০০১ সালে ধরা পড়েছিল বলে প্রকাশ করে ডাক্তার শর্মা বলেন যে এই এইচ-এম-পি ভাইরাস সাধারণত ৫ বছর বয়সের নিচের শিশুরা আক্রান্ত হয় এবং আক্রান্ত হওয়া শিশুটির শরীরে জ্বর , সর্দি , মাথা ব্যাথা ইত্যাদি লক্ষণ ধরা পড়ে । তিনি সবাইকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা সহ মাস্ক পরিধান করারও আহ্বান জানান । একই সঙ্গে অসুস্থ লোকেদের জনসমাগম পরিহার করে চলার পরামর্শ প্রদান করেন । এছাড়াও , তিনি জ্বর , সর্দি ইত্যাদি লক্ষণ দেখা দেওয়া শিশু তথা অন্যান্য ব্যাক্তিদের সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করার আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

এদিকে , আসাম চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে  নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার সময় ডিব্রুগড় আঞ্চলিক চিকিৎসা গবেষণা কেন্দ্র আজ একটি ১০ বছরের শিশুর শরীরে এইচ-এম-পি ভাইরাসের উপস্থিতি শনাক্ত করেছে । উল্লেখ্য যে দেশের একাধিক রাজ্যে হিউমেন মেটানিউমো ভাইরাস ( এইচ-এম-পি )-তে আক্রান্ত শিশু শনাক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য মন্ত্রনালয় ব্যাপক সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে ।

------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল শিলচর শহরের ফুটপাত দখলমুক্ত করতে উচ্ছেদ অভিযান চালানো হয়েছে । জনসাধারণের অভিযোগের প্রতিক্রিয়া হিসেবে ,পথচারীদের অধিকার পুনরুদ্ধার এবং ফুটপাত নিরাপদ ও সহজে চলাচলের জন্য উন্মুক্ত করার উদ্দেশ্যে এই অভিযান চালানো হয়েছে । উল্লেখ্য শিলচরের ফুটপাতগুলি দীর্ঘদিন ধরে বিভিন্ন বেআইনী পরিকাঠামো এবং হকারদের দখলে থাকায় পথচারীরা প্রতিনিয়ত সমস্যার সম্মুখীন হচ্ছিলেন । এই পরিস্থিতিতে কাছাড় জেলা প্রশাসন একটি শক্তিশালী দল মোতায়েন করে ফুটপাত দখলমুক্ত করায় শহরের বাসিন্দারা স্বস্তি প্রকাশ করেছেন এবং প্রশাসনের সক্রিয় পদক্ষেপের জন্য কৃতজ্ঞতা জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------

প্রতি বছরের মতো এবারও পৌষ মাসের বিশেষ তিথিতে আজ হাইলাকান্দির লক্ষীশহরে বনদূর্গা বা লালচা মাতার পূজা অনুষ্ঠিত হয়েছে । প্রায় ৩০০ বছর পুরোনো এই পূজোকে কেন্দ্র করে পাশ্ববর্তী জেলা ও রাজ্যের অন্যান্য স্থান থেকে অগণিত ভক্ত সমাগম পরিলক্ষিত হয়েছে । এই পূজো উপলক্ষ্যে আজ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত হরিনাম সংকীর্তনেরও আয়োজন করা হয় ।

------------------------------------------------------------------------------------